গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮- ৪৭ তারিখঃ ১১/০৬/২০২৫ইং

# অফিস আদেশ

বিষয়ঃ **"পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটি" পুনর্গঠন এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (TOR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটি পুনর্গঠন প্রসঙ্গে।**

## ১। পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটিঃ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কার্যে সম-আচরণ, অবাধ প্রতিযোগিতা ও স্বচ্ছতা আনয়নসহ সকল ক্ষেত্রে গুণগতমান নিশ্চিতকল্পে সর্বত্র পণ্যের একইরূপ বিনির্দেশ বজায় রাখার স্বার্থে পণ্যে কারিগরী বিনির্দেশসহ দরপত্র দলিল Review এর জন্য ইতোপূর্বে জারিকৃত আদেশ বাতিলক্রমে অত্র অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে কমিটি পুনর্গঠন করা হলো।

| দাপ্তরিক পর্যায় | কারিগরী বিনির্দেশ যাচাই ও পরীক্ষা কমিটি | আর্থিক সীমা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (চেয়ারপারসন)।<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সেতু ডিজাইন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। জনাব আবু হানিফ মৃধা, নির্বাহী প্রকৌশলী, প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৪। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (যানবাহন ও নির্মাণ যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ নির্বাহী প্রকৌশলী (মান নিয়ন্ত্রণ)(ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/নির্বাহী প্রকৌশলী, আইসিটি (আইটি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট) (অন্যান্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৫। জনাব জোবায়দা হোসেন, সিনিয়র সহকারী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৬। সিনিয়র সহকারী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী (যান্ত্রিক )(যানবাহন ও নির্মাণ যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/ সিনিয়র সহকারী প্রকৌশলী (মান নিয়ন্ত্রণ)(ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে)/সিনিয়র সহকারী প্রকৌশলী(আইসিটি ) (আইটি যন্ত্রপাতি ও অন্যান্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৭। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, এলজিইডি, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট। (সদস্য সচিব)। | ১০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব মূল্যমানের প্রাক্কলনের প্রতিটি ক্রয়ের ক্ষেত্রে |
| | কমিটির কার্যপরিধিঃ<br>১। ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত পণ্যের কারিগরি বিনির্দেশ উক্ত কমিটি পরীক্ষা, যাচাই, পুনরীক্ষণ ও অনুমোদনের জন্য সুপারিশ প্রণয়ন করবেন।<br>২। উক্ত কমিটি খসড়া দরপত্র দলিল (জাতীয় ও আন্তর্জাতিক) নিরীক্ষাপূর্বক অনুমোদনের জন্য সুপারিশ করবেন।<br>৩। কমিটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-২৯ অনুসরণে প্রস্তুতকৃত বিনির্দেশ পরীক্ষা ও যাচাই করবেন এবং গোপনীয়তা রক্ষা করবেন। | |

২। **বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (TOR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটিঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার গুনগতমান নিশ্চিতকল্পে সম-আচরণ, অবাধ প্রতিযোগিতা ও স্বচ্ছতা আনয়নসহ সকলক্ষেত্রে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা এবং কার্য ও ভৌত সেবার গুনগতমান নিশ্চিতকল্পে সর্বত্র একইরূপ মান বজায় রাখার স্বার্থে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (TOR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল নিরীক্ষার জন্য ইতোপূর্বে জারিকৃত আদেশ বাতিলক্রমে অত্র অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনর্গঠন করা হলোঃ

| **দাপ্তরিক পর্যায়** | **বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (TOR) সহ RFP Review কমিটি এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল Review কমিটি** | **আর্থিক সীমা** |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সদর দপ্তর | ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পল্লি অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (**চেয়ারপারসন**)।<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৪। নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৫। জনাব মোহাম্মদ শফিউল্লাহ, নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৬। জনাব মো: বদরুদ্দোজা, নির্বাহী প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সদস্য)।<br>৭। প্রকল্প পরিচালক/ক্রয়কারী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট, এলজিইডি (সদস্য-সচিব)। | (১) ৫০.০০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব মূল্যমানের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় এবং<br>(২) ১০.০০ কোটি টাকা বা তদুর্ধ্ব মূল্যমানের কার্য ও ভৌত সেবা ক্রয় |
| | কমিটির কার্যপরিধিঃ<br>১। কমিটি ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত TOR সমেত RFP পর্যালোচনা করবেন;<br>২। কমিটি কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল পর্যালোচনা করবেন;<br>৩। উভয় ক্ষেত্রেই কমিটি নিম্নস্বাক্ষরকারী বরাবর সুপারিশ প্রদান করবেন; | |

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

১১/০৬/২০২৫

**(মোঃ আব্দুর রশিদ মিয়া)**
প্রধান প্রকৌশলী (চ.দা.)
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২১.০৬.০০২(অংশ-১).০৮-৪৭/১(৬)

তারিখঃ ১১/০৬/২০২৫ খ্রি.

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (সকল)........................................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

১১/০৬/২০২৫

**(মোঃ জাহিদ হোসেন খান)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
ইমেইলঃ xen.procurement@lged.gov.bd